দৈনিক ইত্তেফাক

২৯/৫/2007

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২০ ... কলাম ... ৭ ......

# ছাত্র ইউনিয়নের শিক্ষা বাঁচাও কর্মসূচী ঘোষণা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ শিক্ষা বাঁচাও আন্দোলনের অংশ হিসাবে ছাত্র ইউনিয়ন গত সোমবার ৯ দিনব্যাপী কর্মসূচী ঘোষণা করিয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু ভবনের উপরে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পদক শরীফুজ্জামান শরীফ। কর্মসূচীর মধ্যে রহিয়াছে ২৪শে মে সকাল ১১টায় বাজেটে শিক্ষাখাতে জাতীয় আয়ের ৮% বরাদ্দের দাবীতে, ক্যাম্পসে মিছিল সমাবেশ, ২৬শে মে ডাকসু ক্যাফেটরিয়াতে 'প্রাক বাজেট ভাবনাঃ প্রেক্ষিত শিক্ষাখাত' শীর্ষক মুক্ত আলোচনা, ১৯ জুন উদীচী, সিপিবি ও ছায়ানটের অনুষ্ঠানে বোমা হামলাকারীদের গ্রেফতার ও বিচারের দাবীতে মানববন্ধন, ২৮ জুন জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিরাজমান সমস্যা সমাধানের দাবীতে ঘেরাও সমাবেশ। সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্র ইউনিয়ন সভাপতি হাসান তারেক চৌধুরী সোহেল, শায়লা পারভীন লিলি, রাজু আহমেদ, হাফিজ আদনান প্রমুখ।